দামুড়হুদায় ১২০ বোতল ফেন্সডিলসহ ঝাঝাডাঙ্গার জুয়েল রানা আটক

দামুড়হুদায় ১২০ বোতল ফেন্সডিল সহ একজনকে আটক করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। আজ সোমবার বেলা সাড়ে ১২টার দিকে মুক্তারপুর মোল্লা বাজার থেকে তাকে আটক করা হয়। আটককৃত হলেন দামুড়হুদা উপজেলার ঝাজাডাঙ্গা গ্রামের মোঃ মাহাবুবুর রহমান এর ছেলে মোঃ জুয়েল রানা (২৮)।

পুলিশ সুত্রে জানাগেছে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম এর দিক নির্দেশনায় আজ বেলা সাড়ে ১২ টার দিকে এসআই মোঃ তোবারক আলী এবং এসআই মোঃ মিজানুর রহমান সঙ্গীয় ফোর্সসহ বিশেষ অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন মুক্তারপুর গ্রামস্থ মোল্লা বাজার সংলগ্ন জনৈক দাউদ মোল্লা, পিতা- মৃত আহাদ মোল্লার বাড়ীর সামনে কার্পাসডাঙ্গা টু দামুড়হুদা গামী পাকা রাস্তার উপর থেকে জুয়েল রানার নিকট হইতে সাক্ষীদের সম্মূখে ১২০ বোতল ফেন্সিডিল উদ্ধার ও একটি পালসার হোন্ডা, একটা বাটন ফোন মোবাইল জব্দ করা হয়। আটককৃতের নামে মামলা রজু করা হয়েছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (অপারেশন) ওসি সফিউল আলম বলেন ফেন্সিডিল সহ একজনকে গ্রেফতার করা হয়েছে। আজ আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।